# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2017**

**FIRST YEAR [BATCH 2016-19]**

**BENGALI (Honours)**

**Paper : II**

Date : 18/05/2017

Time : 11 am – 3 pm

Full Marks : 100

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ (২ × ১০)

ক) বৈষ্ণব পদাবলী সাহিত্যের কবি জ্ঞানদাসের কবি কৃতিত্ব আলোচনা করো।

খ) বাংলা মঙ্গলকাব্য ধারায় ধর্মমঙ্গলের স্বাতন্ত্র্য কোথায়? এই মঙ্গল কাব্যের একজন বিশিষ্ট কবির কাব্যকৃতির পরিচয় দাও। (৩ + ৭)

গ) মধ্যযুগের বাংলা সাহিত্যে দেব-দেবী মাহাত্ম্য প্রচারের স্থলে দৌলত কাজী এবং সৈয়দ আলাওল যে প্রণয় উপাখ্যানগুলি রচনা করেছিলেন—তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

ঘ) বাংলা ভাষায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর কবি প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও। (১ + ৯)

২। যে কোনো **একটি** বিষয়ে টীকা লেখো ঃ (১ × ৫)

ক) লালন ফকির

খ) রামেশ্বর ভট্টাচার্য

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ (২ × ১২.৫)

ক) মধ্য ভারতীয় আর্যভাষার সাধারণ ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহ আলোচনা করো।

খ) বিবর্তনের সূত্র ধরে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাসটি বর্ণনা করো।

গ) শব্দার্থ পরিবর্তনের বিভিন্ন ধারাগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

ঘ) শব্দ ভাণ্ডার কাকে বলে? উদাহরণসহ বাংলা ভাষার শব্দ ভাণ্ডার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। (২ + ১০.৫)

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ১১)

ক) চণ্ডীমঙ্গল কাব্যের আত্মপরিচয় অংশ অবলম্বনে কবি মুকুন্দ চক্রবর্তী কীভাবে তাঁর সমকালীন ইতিহাসকে স্পর্শ করেছেন তা আলোচনা করে দেখাও।

খ) নারী মনস্তত্ত্ব রূপায়নে কবিকঙ্কন মুকুন্দ চক্রবর্তী যে দক্ষতার পরিচয় দিয়েছেন ফুল্লরা চরিত্র অবলম্বনে তা বিশ্লেষণ করো।

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ৪)

ক) ‘‘কুসুম ভিতরে চণ্ডী পাতিলেন মায়া
পলাশে রহিল দারুণ পিপীলিকা হইআ।’’ —চণ্ডী কেন মায়া পেতেছিলেন? প্রসঙ্গ ও তাৎপর্য ব্যাখ্যা করো। (২ + ২)

খ) ‘উইচারা খাই পশু নাম ভল্লুক।
নিউগি চউধরি নহি না করি তালুক।’ —কে কোন প্রসঙ্গে কার কাছে একথা বলেছে? (১ + ২ + ১)

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ১৫)

ক) লোকসংস্কৃতি কাকে বলে? তাঁর পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করে লোকসংস্কৃতি বিষয়ক মর্গানীয় তত্ত্বটি আলোচনা করো। (২ + ৫ + ৮)

খ) লোকাচার কাকে বলে? লোকবিশ্বাস কী? বৃষ্টি সংক্রান্ত পাঁচটি লোকবিশ্বাস উল্লেখ করো। (৫ + ৫ + ৫)

৭। সংজ্ঞা, উদাহরণসহ ব্যাখ্যা লেখো (যে কোনো **দুটি**) ঃ (২ × ৫)

ক) শ্লেষ
খ) নিশ্চয়
গ) উৎপ্রেক্ষা
ঘ) সন্দেহ

৮। অলংকার নির্ণয় করো (যে কোনো **দুটি**)ঃ (২ × ৫)

ক) শঙ্খ ধবল আকাশ গাঙে
শুভ্র মেঘের পালটি তুলে
জ্যোৎস্না তরী বেয়ে তুমি
ধরার ঘাটে কে আজ এলে?

খ) জগৎ ভ্রমিয়া শেষে
সন্ধ্যার পাশে তপন দাঁড়ালো এসে।

গ) বাংলার নদী মাঠ ভাঁট ফুল ঘুঙুরের মতো তার কেঁদেছিল পায়।

ঘ) সকালের এক টুকরো রোদ্দুর
এক টুকরো সোনার চেয়েও মনে হয় দামী।

—————— × ——————